MAR. 21 2002

যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ১৬ কলাম ৩

# এসএসসি : দুই ভুয়া পরীক্ষার্থী আটক : লক্ষ্মীপুরে বিএনপির দু'গ্রুপে সংঘর্ষে আহত ১২

**যুগান্তর ডেস্ক**

গতকাল লক্ষ্মীপুরের মান্দারী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এক এসএসসি পরীক্ষার্থীকে কটূক্তি ও ধাক্কা মারার ঘটনায় স্থানীয় বিএনপির দু'গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া ও হাতাহাতি হয়। এ ঘটনায় আহত হয়েছে ১২ জন। মাদারীপুরের কালকিনি এবং যশোরের কেশবপুরে গ্রেফতার হয়েছে দুই ভুয়া পরীক্ষার্থী। নলছিটি মাদ্রাসা কেন্দ্রে কঠোর নিরাপত্তা ব্যবস্থার মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়েছে পরীক্ষা। নকল সরবরাহ করতে গিয়ে ফরিদপুরের নগরকান্দা গার্লস স্কুল উপকেন্দ্রে গ্রেফতার হয়েছেন একজন পৌর কমিশনার।

আটক : পৃষ্ঠা : ২ কলাম : ৪

## আটক : পরীক্ষার্থী

(শেষ পৃষ্ঠার পর)

যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর :

**লক্ষ্মীপুর** : গতকাল লক্ষ্মীপুর সদর উপজেলার মান্দারী উচ্চ বিদ্যালয়ের এক এসএসসি পরীক্ষার্থিনীকে পরীক্ষা হলের সামনে স্থানীয় বিএনপির কর্মী আক্তার আলম কটূক্তি ও ধাক্কা মারলে মেয়ের আত্মীয়-স্বজন ও বিএনপির অপর গ্রুপের সঙ্গে হাতাহাতি ও ধাওয়া-পাল্টাধাওয়া শুরু হয়। পরে উভয় পক্ষের এক সংঘর্ষে ১০ থেকে ১২ জন আহত হয়। এ ঘটনাকে কেন্দ্র করে বিএনপির স্থানীয় নেতা আলাউদ্দিন গ্রুপ ও আক্তার আলম গ্রুপের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করছে। গতকাল এ ঘটনায় মান্দারী বাজারে বিএনপির নেতৃবৃন্দের উদ্যোগে এক সমঝোতা বৈঠক ডাকা হয়।

**কালকিনি (মাদারীপুর)** : মামার এক বন্ধুর জন্য দাখিল পরীক্ষা দিতে এসে কর্তব্যরত ম্যাজিস্ট্রেটের হাতে ধরা পড়লো দশম শ্রেণীতে পড়ুয়া ভুয়া পরীক্ষার্থী। গতকাল বুধবার কালকিনি সৈয়দ আবুল হোসেন বিশ্ববিদ্যালয় কলেজ কেন্দ্রে এ ঘটনা ঘটে।

**নবীনগর (ব্রাহ্মণবাড়িয়া)** : গতকাল এসএসসি পরীক্ষায় নবীনগর উপজেলার সলিমগঞ্জ হাইস্কুল কেন্দ্রে ৮ জন, কাইতলা হাইস্কুল কেন্দ্রে ৮ জন, লাউর ফতেপুর হাইস্কুল কেন্দ্রে ২ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়।

**পূর্বধলা (নেত্রকোনা)** : স্থানীয় বিএনপি নেতাকর্মীদের চাপের মুখে উপজেলা নির্বাহী অফিসার ভুল স্বীকার ও ক্ষমা প্রার্থনা করেছেন। গত ১৯ মার্চ এসএসসি পরীক্ষা কেন্দ্রে পূর্বধলা উপজেলা বিএনপির সভাপতির ছেলে ইসতিয়াক আহমেদ বাবুকে উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশে পুলিশ বেধড়ক পিটিয়ে আহত করলে ক্ষমতাসীন দলের কর্মীরা রাস্তা অবরোধ ও উপজেলা নির্বাহী অফিসারের অপসারণের দাবিতে বিক্ষোভ মিছিল করে এবং উপজেলা নির্বাহী অফিসারকে সব সরকারি কাজকর্ম থেকে বিরত থাকতে বলা হয়। সে পরিপ্রেক্ষিতে গতকাল নেত্রকোনা জেলা প্রশাসক ও জেলা পর্যায়ের অন্যান্য কর্মকর্তা স্থানীয় বিএনপির শীর্ষ নেতাদের সঙ্গে সমঝোতা বৈঠকে বসেন। এক পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার পরীক্ষা কেন্দ্রে বাবুকে প্রহারের জন্য ভুল স্বীকার ও ক্ষমা প্রার্থনা করেন।

এছাড়া যশোরের কেশবপুর, নলছিটি, ফরিদপুর ও সিরাগঞ্জে পরীক্ষা কেন্দ্রে অনিয়ম, নকল, বহিষ্কার এবং হাঙ্গামার ঘটনা ঘটেছে।